দৈনিক সংবাদ

তারিখ 21 OCT 1988
পৃষ্ঠা ৭ কলাম ১

ডকুমেন্টেশন
কেন্দ্র

CC. 189

## কৃষি কলেজসমূহকে বি,আই,এ-তে পরিণত করার আবেদন

দেশের অন্যসব উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মত বাংলাদেশ কৃষি কলেজ ও পটুয়াখালী কৃষি কলেজে সেশন জট সমস্যা বিরাজমান। এর জন্য মূলতঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষই দায়ী। কৃষি কলেজসমূহের বার্ষিক পরীক্ষা গ্রহণ, প্রশ্নপত্র প্রণয়ন, ফল প্রকাশ সহ অন্যান্য প্রশাসনিক কর্মকাণ্ডের প্রধান নিয়ন্তা কৃষি বিশ্ববিদ্যালয়। স্বাভাবিক কারণেই বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক জটিলতা ও সেশন জট সমস্যা কলেজসমূহে অপেক্ষা তীব্রতর। কলেজ কর্তৃপক্ষ যথাসময়ে তাদের নিয়ন্ত্রণাধীন পিরিওডিক্যাল পরীক্ষায় গ্রহণ করলেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অধীনে গৃহীত বার্ষিক পরীক্ষার বিলম্বের জন্য সেশন জট সমস্যা ক্রমেই প্রকট আকার ধারণ করছে। ইতিপূর্বে সরকার সাবেক ইঞ্জিনিয়ারিং কলেজসমূহকে বি,আই,টি-তে (বাংলাদেশ ইনষ্টিটিউট অব টেকনোলজি)-তে রূপান্তরিত করে সেশন জট সমস্যা ও প্রশাসনিক জটিলতা নিরসনকল্পে যে দূরদর্শিতার পরিচয় দেন তা নিঃসন্দেহে প্রশংসনীয়। তাই সরকারের নিকট বিনীত আবেদন, দিনাজপুরে নব প্রতিষ্ঠিত হাজী দানেশ কৃষি কলেজসহ বাংলাদেশ কৃষি কলেজ ও পটুয়াখালী কৃষি কলেজকে কৃষি বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণ থেকে মুক্ত করে ইঞ্জিনিয়ারিং কলেজের ন্যায় স্বায়ত্তশাসন প্রদানপূর্বক বি,আই,এ-তে (বাংলাদেশ ইনষ্টিটিউট অব এগ্রিকালচার) রূপান্তরিত করা হোক।

মোঃ খুরশীদ আলম খোকন,
১ম বর্ষ (প্রবীণ) রোল-৩০
বাংলাদেশ কৃষি কলেজ,
ঢাকা-১২০৭

## ক্লাস চলাকালে বিশ্ববিদ্যালয় করিডোরে মিছিল

পরিবেশ পরিষদ গঠনের পর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যেরূপ শান্তি শৃংখলা বজায় রয়েছে এবং শিক্ষার পরিবেশ সৃষ্টি হয়েছে তা বিগত কয়েক বছরে কারো নজরে পড়েনি। তবে ইদানীং একটা ব্যাপার প্রতিনিয়ত ঘটতে শুরু করছে যা সমস্ত ছাত্রছাত্রীসহ শিক্ষকমণ্ডলীদেরকেও পীড়া দিচ্ছে। আর তা হলো ক্লাস চলাকালীন সময়ে কলাভবনের ভিতরে শ্লোগানমুখর মিছিল প্রবেশ। ক্লাস রুমের সামনে দিয়ে বিভিন্ন ছাত্র সংগঠন বা জোটের বিরামহীন মিছিলের কারণে প্রায়শঃই শিক্ষকরা তাদের লেকচার বন্ধ করে দিতে বাধ্য হন। অপর দিকে ছাত্রছাত্রীদের মনোযোগে ব্যাঘাত সৃষ্টি হয়। ফলে ছাত্র ছাত্রীরা মিছিলের প্রতি ক্ষোভ প্রকাশ করতে গিয়ে ছাত্র রাজনীতির প্রতি বিরূপ মনোভাব ব্যক্ত করেন। অথচ বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ ছাত্রছাত্রী রাজনীতিতে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে জড়িত। তাই ছাত্র রাজনীতি তথা বিভিন্ন দাবীদাওয়া সম্বলিত মিছিলের প্রতি কারো ক্ষোভ বা বিদ্বেষ নেই, ক্ষোভ হচ্ছে ক্লাস চলাকালীন সময়ে কলা ভবনের ভিতরে মিছিলের প্রবেশ নিয়ে।

তাই এ ব্যাপারে বিভিন্ন ছাত্র সংগঠনের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং পরিষদ পরিষদে নতুন আইন করে কলাভবনের ভিতরে মিছিল প্রবেশ নিষিদ্ধ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আবেদন জানাচ্ছি।

মোঃ হায়দার ফারুক
৩য় বর্ষ, রাষ্ট্রবিজ্ঞান,
ঢাকা বিশ্ববিদ্যালয়।